# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ২. ৩. কাবিলের চিহ্ন ও শহর তৈরি!

আদমের প্রথম সন্তান কয়িন (Cain) বা কাবিল এবং দ্বিতীয় সন্তান হাবিল। হাবিল ভেড়ার পাল চরাত ও কাবিল জমি চাষ করত। এ সময়ে কাবিল হাবিলকে হত্যা করে। এরপর সে ভয় পায় যে দুনিয়ায় ঘুরে বেড়ানোর সময় যার সামনে সে যাবে সে তাকে খুন করবে। তখন তাকে রক্ষা করার জন্য ঈশ্বর একটা চিহ্ন দিলেন। ‘‘পলাতক হয়ে যখন আমি দুনিয়াতে ঘুরে বেড়াব তখন যার সামনে আমি পড়ব সে-ই আমাকে খুন করতে পারে। ... মাবদু কাবিলের জন্য একটা চিহ্নের ব্যবস্থা করলেন যাতে কেউ তাকে হাতে পেয়েও খুন না করে।’’ (পয়দায়েশ ৪/১৪-১৫)

‘‘এরপর কাবিল মাবুদের সামনে থেকে চলে গিয়ে আদনের পূর্ব দিকে নোদ নামে একটা দেশে বাস করতে লাগল। পরে কাবিল তার স্ত্রীর কাছে গেলে সে গর্ভবতী হল এবং হনোকের জন্ম হল। তখন কাবিল একটা শহর তৈরি করছিল। সে তার ছেলের নাম অনুসারে শহরটার নাম রাখল হনোক। (পয়দায়েশ ৪/১৬-১৭)

বাইবেলের বর্ণনা অনুসারে এ সময়ে পৃথিবীতে আদম, হাওয়া ও কাবিল ছাড়া কেউ ছিল না। তাহলে কাবিল পলাতক হয়ে দুনিয়াতে কাদের মধ্যে ঘুরে বেড়াবেন এবং কেই বা তাকে হত্যা করবে? কাবিল স্ত্রীই বা পেলেন কোথা থেকে? আর মাবুদের সামনে থেকে চলে যাওয়ার অর্থই বা কী? সবচেয়ে মজার বিষয়, কাবিল শহর তৈরি করছিলেন কার জন্য? স্বামী-স্ত্রী দুজনের জন্য একটা শহর তৈরি করলেন? শহর তৈরির রাজমিস্ত্রি ও কাজের মানুষগুলো কোথায় পাওয়া গিয়েছিল?

উল্লেখ্য যে, আদিপুস্তক/ পয়দায়েশের ৪/১৭-১৮ থেকে দেখা যায় যে নোহের পিতা লেমক (Lamech) আদমের প্রথম পুত্র কাবিলের বংশধর এবং তিনি দুজন মানুষকে খুন করেন। পক্ষান্তরে আদিপুস্তক ৫/৬-২৫ ও লূক ৩/২৬-৩৮ বলছে যে, নোহের পিতা লেমক (Lamech) আদমের তৃতীয় পুত্র শিসের বংশধর। কোনটা সত্য?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14490

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন